

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৪৬২

৪৭/ সদ্যবহার, আত্নীয়তার সম্পর্ক রক্ষা ও শিষ্টাচার (كتاب البر والصلة والآداب)

পরিচ্ছেদঃ ৪৭. সন্তানের মৃত্যুতে ধৈর্যধারনকারীর ফ্যীলত

باب فَضْل مَنْ يَمُوتُ لَهُ وَلَدٌ فَيَحْتَسِبُهُ

আরবী

حَدَّثَنَا سُويْدُ بْنُ سَعِيد، وَمُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى، _ وَتَقَارَبَا فِي اللَّفْظِ _ قَالاَ حَدَّثَنَا الْمُعْتَمِنُ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي السَّلِيلِ، عَنْ أَبِي حَسَّانَ، قَالَ قُلْتُ لأَبِي هُرَيْرَةَ إِنَّهُ قَدْ مَاتَ الْمُعْتَمِنُ، عَنْ أَبِيهِ، عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم بِحَديث تُطيِّبُ بِهِ أَنْفُسَنَا عَنْ مَوْتَانَا قَالَ قَالَ نَعَمْ " صِغَارُهُمْ دَعَامِيصُ الْجَنَّةِ يَتَلَقَّى أَحَدُهُمْ أَبَاهُ _ أَوْ قَالَ أَبويْهِ عَنْ مَوْتَانَا قَالَ قَالَ نَعَمْ " صِغَارُهُمْ دَعَامِيصُ الْجَنَّةِ يَتَلَقَّى أَحَدُهُمْ أَبَاهُ _ أَوْ قَالَ أَبُويْهِ _ فَيَأْخُذُ بِثَوْيِهِ _ أَوْ قَالَ بِيدِهِ _ كَمَا آخُذُ أَنَا بِصِينِفَةِ تَوْيِكَ هَذَا فَلاَ يَتَنَاهَى _ أَوْ قَالَ فَلاَ يَتَنَاهَى _ أَوْ قَالَ فَلاَ يَنْتَهِي _ حَتَّى يُدْخِلَهُ اللَّهُ وَأَبَاهُ الْجَنَّةَ ". وَفِي رِوَايَةِ سُويْدٍ قَالَ حَدَّثَنَا أَبُو السَّلِيلِ وَحَدَّتَنِيهِ عُبَيْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا يَحْيَى _ يَعْنِي ابْنَ سَعِيد _ عَنِ التَّيْمِيّ بِهَذَا الْإِسْنَادِ وَقَالَ فَهَلْ سَمِعْتَ مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم شَيْئًا تُطَيِّبُ بِهِ أَنْفُسَنَا عَنْ مَوْتَانَا قَالَ نَعَمْ .

বাংলা

৬৪৬২। সুওয়ায়দ ইবনু সাঈদ ও মুহাম্মাদ ইবনু আবদুল আলা (রহঃ) ... আবূ হাসসান (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আবূ হুরায়রা (রাঃ) কে বললাম, আমার দুটি পুত্র সন্তান মারা গিয়েছে। আপনি কি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর তরফ থেকে একটি হাদীস বর্ণনা করবেন, যাতে আমরা মৃতদের সম্পর্কে আমাদের অন্তরে সান্ত্বনা পেতে পারি। বর্ণনাকারী বলেন, তিনি বললেন, হ্যাঁ, তাদের জন্য তাদের ছোট সন্তানরা জান্নাতের প্রজাপতি তুল্য। তাদের কেউ কেউ তার পিতার সঙ্গে মিলিত হবে, অথবা তিনি বলেছেন পিতামাতা উভয়ের সঙ্গে মিলিত হবে। এরপর তার পরিধানের বন্ত্র কিংবা হাত ধরবে, যেভাবে এখন আমি তোমার কাপড়ের আঁচল ধরছি। এরপর আর বিরত হবে না, অথবা তিনি বলেছেন, আল্লাহ তাকে তার বাপ-মা সহ জান্নাতে প্রবেশ না করা পর্যন্ত ছাড়বেনা।

সুওয়ায়দ (রহঃ) এর বর্ণনায় 'আবূ সালীল আমাদিগকে হাদীস বর্ণনা করেছেন' উল্লেখ আছে।



উবায়দুল্লাহ ইবনু সাঈদ (রহঃ) ... তায়মী (রহঃ) থেকে এই সনদে অনুরূপ বর্ণনা করেছেন। তিনি বলেন, আপনি কি রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম থেকে এমন কিছু শুনেছেন যা আমাদের মৃতদের সম্পর্কে আমাদের অন্তরে প্রশান্তি এনে দিবেন? তিনি বললেনঃ হ্যাঁ।

English

Abu Hassan reported:

I said to Abu Huraira that my two children had died. Would you narrate to me anything from Allah's Messenger () a hadith which would soothe our hearts in our bereavements? He said: Yes. Small children are the fowls of Paradise. If one of them meets his father (or he said his parents) he would take hold of his cloth, or he said with his hand as I take hold of the hem of your cloth (with my hand). And he (the child) would not take off (his hand) from it until Allah causes his father to enter Paradise. This hadith has been narrated on the authority of Tamim with the same chain of transmitters. And he is reported to have said: Did you hear from Allah's Messenger () anything which may soothe our heart in our bereavements? He said: Yes.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হাসসান (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন